**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/12/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# কোভিড-19 এর বিরুদ্ধে স্টেটের লড়াইয়ে অগ্রগতি সম্পর্কে গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেছেন

***গভর্নর নিউ ইয়র্কবাসীকে কোভিড-19 এর বিরুদ্ধে সুরক্ষিত থাকা ও চিকিৎসা করানোর জন্য হাতিয়ারগুলোর ব্যবহার অব্যাহত রাখতে উৎসাহিত করেছেন: টিকা, পরীক্ষা ও চিকিৎসা***

***11 মে তারিখে ফেডারেল পর্যায়ে ঘোষণা করা কোভিড-19 সংক্রান্ত জনস্বাস্থ্য বিষয়ক জরুরি অবস্থার মেয়াদ শেষ হওয়ার সাথে সঙ্গতি রক্ষা করে, নিউ ইয়র্ক স্টেটের কোভিড-19/টিকা সম্পর্কে আপডেট জানানোর নিউজ রিলিজ আজ, 12 মে তারিখের পরে আর প্রকাশিত হবে না***

***সর্বশেষ ডাটা অনলাইনে 24/7 লভ্য থাকবে***

***কোভিড-19 সম্পর্কিত সব পাবলিক তথ্য ও সংস্থান Coronavirus.Health.NY.Gov ঠিকানায় পাওয়া যাবে***

কোভিড-19 এর বিষয়ে স্টেটের সর্বসাম্প্রতিক তথ্য সম্পর্কে গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্কবাসীকে আপডেট দিয়েছেন এবং শ্বসনতন্ত্রে ভাইরাসজনিত সংক্রমণের বিস্তার থেকে সুরক্ষিত থাকার জন্য তারা গ্রহণ করতে পারেন এমন প্রাথমিক পদক্ষেপগুলো বর্ণনা করেছেন।

"যদিও ফেডারেল পর্যায়ে ঘোষণা করা জনস্বাস্থ্য সংক্রান্ত জরুরি অবস্থা শেষ হয়েছে, আমি প্রত্যেক নিউ ইয়র্কবাসীকে কোভিড-19-এর বিরুদ্ধে সতর্ক থাকতে এবং নিজেদেরকে, নিজেদের প্রিয়জনদেরকে এবং নিজেদের কমিউনিটিগুলোকে নিরাপদ ও সুস্থ রাখার জন্য হাতের কাছে থাকা সব হাতিয়ার কাজে লাগানোর জন্য উৎসাহিত করছি," **বলেছেন গভর্নর হোকল।** "টিকার ডোজগুলো নিয়ে হালনাগাদ থাকুন এবং সমাবেশ বা ভ্রমণ করার আগে পরীক্ষা করানো নিশ্চিত করুন। যদি আপনার পরীক্ষার ফলাফল পজিটিভ আসে, তাহলে চিকিৎসার সম্ভাব্য অপশনগুলো সম্পর্কে আপনার ডাক্তারের সাথে কথা বলুন।"

11 মে তারিখে কোভিড-19 সংক্রান্ত জনস্বাস্থ্য বিষয়ক জরুরি অবস্থার মেয়াদ শেষ হওয়ার সাথে সঙ্গতিপূর্ণভাবে, আজ, 12 মে তারিখের পর থেকে, নিউ ইয়র্ক স্টেটের কোভিড-19/টিকা

সম্পর্কিত নিউজ রিলিজ পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত আর প্রকাশিত হবে না। কোভিড-19 ও টিকা সংক্রান্ত সর্বসাম্প্রতিক ডাটা নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ-এর অনলাইন ট্র্যাকারে 24/7 পাওয়া অব্যাহত থাকবে। কোভিড-19 সম্পর্কিত সব পাবলিক তথ্য ও সংস্থান https://coronavirus.health.ny.gov/ ঠিকানায় পাওয়া যাবে।

সেইসাথে, স্টেটের স্বাস্থ্য বিভাগ (Department of Health) স্থানীয় স্বাস্থ্য বিভাগ এবং স্বাস্থ্যসেবা প্রদানকারীদের সহযোগিতায় কোভিড-19 সম্পর্কিত ডাটা সংগ্রহ ও রিপোর্ট করার ক্ষেত্রে পরিবর্তনগুলো মূল্যায়ন করছে। আগামী সপ্তাহ থেকে, নিম্নলিখিত ড্যাশবোর্ডগুলি অফলাইনে চলে যাবে: কোভিড-19 ব্রেকথ্রু ডাটা (COVID-19 Breakthrough Data), অঞ্চলভিত্তিক টিকাকরণের ডাটা (Regional Vaccination Data), এবং নিউ ইয়র্ক স্টেট পপ-আপ টিকাকরণের ডাটা (NYS Pop-up Vaccination Data)। সংস্থাটি কোভিড-19-এর প্রতি সাড়াদানের জন্য অঙ্গীকারাবদ্ধ রয়েছে এবং নিউ ইয়র্কবাসীদেরকে কোভিড-19-এর বিরুদ্ধে সুরক্ষিত থাকতে এবং চিকিৎসা গ্রহণ করতে: টিকা, পরীক্ষা ও চিকিৎসা, লভ্য হাতিয়ারগুলো ব্যবহার করতে উৎসাহিত করা অব্যাহত রেখেছে।

ফ্লু এবং কোভিড-19 থেকে সুরক্ষিত থাকতে গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদেরকে সাধারণ প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সনির্বন্ধভাবে অনুরোধ জানাচ্ছেন — যেমন টিকা নিয়ে হালনাগাদ থাকা এবং সঠিক স্বাস্থ্যবিধি অনুশীলন করা। এছাড়াও গভর্নর নিউ ইয়র্কবাসীদেরকে CDC-এর সুপারিশ অনুযায়ী বাড়তি কোভিড-19 এর টিকা গ্রহণ করার জন্য উৎসাহিত করা অব্যাহত রেখেছেন।

কোভিড-19 টিকার জন্য একটি বাড়তি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে, নিউ ইয়র্কবাসীরা তাদের স্থানীয় ফার্মেসি, কাউন্টি স্বাস্থ্য বিভাগ, বা স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করা উচিত; কাছাকাছি অবস্থানগুলো খুঁজতে vaccines.gov ওয়েবসাইটে যান; জিপ কোড লিখে 438829 নম্বরে টেক্সট করুন অথবা 1-800-232-0233 নম্বরে ফোন করুন। চিকিৎসার বিকল্পগুলি খুঁজে পেতে, নিউ ইয়র্কবাসীরা এই টুলটি ব্যবহার করে তাদের জন্য সঠিক একটি কেন্দ্র খুঁজে পেতে পারবেন।

কোভিড-19 এর সাপ্তাহিক ডাটার সারসংক্ষেপ নিচে দেওয়া হলো:

- **প্রতি 100 হাজারে কেসের সংখ্যার 7-দিনের গড়** - 2.59
- **গত 7 দিনে মোট পজিটিভ কেস** - 3,537
- **গত 7 দিনে রিপোর্টকৃত টেস্টের ফলাফল** - 164,944
- **এখন পর্যন্ত মোট পজিটিভ কেস** - 6,678,930
- **7 দিনে হাসপাতালে রোগী ভর্তি থাকার গড় সংখ্যা** - 576
- **7 দিনে হাসপাতালে নতুন ভর্তি হওয়া রোগীর গড় সংখ্যা** - 83
- **7 দিনে ICU-তে গড় রোগীর সংখ্যা** - 61
- **7 দিনে ইনটিউবেশন সহ ICU-তে গড় রোগীর সংখ্যা** - 28
- **গত 7 দিনে HERDS-এর মাধ্যমে স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর রিপোর্টকৃত নতুন মৃত্যু** - 32

- **HERDS-এর মাধ্যমে স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর রিপোর্ট করা মোট মৃত্যু** - 62,520

হেলথ ইলেক্ট্রনিক রেসপন্স ডাটা সিস্টেম (Health Electronic Response Data System, HERDS) হলো নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের ডাটার একটি উৎস যা শুধুমাত্র হাসপাতাল, নার্সিং হোম ও প্রাপ্তবয়স্কদের সেবা কেন্দ্রগুলোর দ্বারা রিপোর্টকৃত নিশ্চিত ডাটা সংগ্রহ করে।

- **CDC-এর মাধ্যমে রিপোর্ট করা ও সংকলিত মোট মৃত্যু** - 79,569

স্বাস্থ্য বিভাগ ও নিউ ইয়র্ক সিটি দ্বারা CDC-এর কাছে রিপোর্টকৃত এই দৈনিক কোভিড-19 এর সাময়িক ডেথ সার্টিফিকেটের তথ্যে হাসপাতাল, নার্সিং হোম, প্রাপ্তবয়স্কদের সেবাসদন, বাড়ি, হসপিস ও অন্যান্য স্থানগুলি সহ যেকোনো স্থানে মারা যাওয়া ব্যক্তিরা অন্তর্ভুক্ত আছেন।

- **মোট প্রয়োগ করা টিকার ডোজ** - 44,069,867
- **গত 7 দিনে মোট প্রয়োগ করা টিকার ডোজ** - 34,987
- **18 বছর বা তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার প্রাইমারি সিরিজ সম্পন্ন করেছেন** - 85.6%
- **18 বছর বা তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার প্রাইমারি সিরিজ সম্পন্ন করেছেন (CDC)** - 90.8%
- **18 বছর বা তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ হালনাগাদ আছেন** - 16.9%
- **12-17 বছর বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার প্রাথমিক সব ডোজ পেয়েছে** - 74.7%
- **12-17 বছর বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার প্রাথমিক সব ডোজ পেয়েছে (CDC)** - 76.5%
- **12-17 বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ হালনাগাদ আছে** - 6.8%
- **5-11 বছর বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার প্রাথমিক সব ডোজ পেয়েছে** - 40.3%
- **5-11 বছর বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার প্রাইমারি সিরিজ সম্পন্ন করেছে (CDC)** - 41.2%
- **5-11 বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ হালনাগাদ আছেন** - 4.2%
- **0-4 বছর বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার প্রাথমিক সব ডোজ পেয়েছে** - 8.2%
- **0-4 বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ হালনাগাদ আছে** - 8.2%
- **সকল নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার প্রাথমিক সব ডোজ পেয়েছেন** - 76.6%

- **সকল নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার প্রাইমারি সিরিজ সম্পন্ন করেছেন (CDC)** - 81.0%
- **সকল নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ হালনাগাদ আছেন** - 14.7%

বৃহস্পতিবার, 10 মে পর্যন্ত প্রতিটি অঞ্চলের প্রতি 100,000 জনসংখ্যার মধ্যে 7-দিনের কেসের গড়:

| অঞ্চল | প্রতি 100 হাজারে 7 দিনের গড় কেসের সংখ্যা |
|---|---|
| Capital Region | 1.54 |
| Central New York | 1.57 |
| Finger Lakes | 2.22 |
| Long Island | 3.19 |
| Mid-Hudson | 2.74 |
| Mohawk Valley | 1.62 |
| New York City | 2.94 |
| North Country | 2.11 |
| Southern Tier | 1.42 |
| Western New York | 1.65 |
| **স্টেট ব্যাপী** | **2.59** |

যেসব নিউ ইয়র্কবাসী 5 থেকে 11 বছর বয়সী শিশুদের জন্য টিকার অ্যাপয়েন্টমেন্ট নিতে চান তাদেরকে তাদের সন্তানের শিশুরোগ বিশেষজ্ঞ, পারিবারিক চিকিৎসক, কাউন্টি স্বাস্থ্য বিভাগ, ফেডারেলভাবে যোগ্যতাপ্রাপ্ত স্বাস্থ্য কেন্দ্র (Federally Qualified Health Centers), গ্রামীণ স্বাস্থ্য

কেন্দ্র, বা যেসব ফার্মেসি এই বয়সদলের জন্য টিকাদান কার্যক্রম পরিচালনা করছে, তাদের সাথে যোগাযোগ করতে উৎসাহিত করা হচ্ছে। কাছাকাছি কেন্দ্রগুলো খুঁজে নিতে পিতামাতা ও অভিভাবকরা vaccines.gov ওয়েবসাইটে যেতে পারেন, তাদের জিপ কোড 438829 নম্বরে টেক্সট করতে পারেন, অথবা 1-800-232-0233 নম্বরে ফোন করতে পারেন। নিশ্চিত করুন যে প্রদানকারী ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকা প্রদান করে, যেহেতু এই বয়সের গোষ্ঠীর জন্য অন্য কোভিড-19 টিকা এখনো অনুমোদিত নয়।
স্বাস্থ্য বিভাগের ওয়েবসাইটে বিশেষভাবে এই বয়সী শিশুদের জন্য নতুন তথ্য, বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি ও উত্তর, ও তথ্যসূত্র রয়েছে যা এই বয়সদলের শিশুদের পিতামাতা ও অভিভাবকদের জন্য বিশেষভাবে ডিজাইন করা রয়েছে।

**প্রোভাইডারের অবস্থান অনুযায়ী আঞ্চলিক টিকাগ্রহণের ডাটা**
টিকা ও বুস্টার পেয়েছেন এমন নিউ ইয়র্কবাসীদের ভৌগোলিক অঞ্চল অনুযায়ী ক্রমবর্ধমান মোট:

| অঞ্চল | টিকার সিরিজ সম্পন্ন করেছেন | হালনাগাদ আছেন |
|---|---|---|
| Capital Region | 912,084 | 236,357 |
| Central New York | 614,771 | 151,223 |
| Finger Lakes | 833,752 | 252,961 |
| Long Island | 2,027,741 | 389,951 |
| Mid-Hudson | 1,577,843 | 351,457 |
| Mohawk Valley | 312,343 | 72,046 |
| New York City | 7,495,047 | 1,054,214 |
| North Country | 285,915 | 64,664 |
| Southern Tier | 420,755 | 111,403 |
| Western New York | 915,744 | 238,576 |

| | | |
|---|---|---|
| **স্টেট ব্যাপী** | **15,395,995** | **2,922,852** |

নিউ ইয়র্ক বাসীরা কোভিড-19 টিকা বিতরণের ব্যাপারে কোভিড-19 ভ্যাকসিন ট্র্যাকার ড্যাশবোর্ডের মাধ্যমে আপডেট পেতে পারেন। নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) টিকাকরণ কেন্দ্রগুলির দ্বারা 24 ঘণ্টার মধ্যে সকল কোভিড-19 টিকাদানের তথ্য রিপোর্ট করাকে বাধ্যতামূলক করেছে; স্টেটের টিকাকরণ প্রচেষ্টার সব চেয়ে হালনাগাদকৃত মেট্রিক্স প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টিকাদানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়। NYSIIS এবং CIR থেকে প্রাপ্ত নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) দ্বারা রিপোর্ট করা ডাটার সাথে ফেডারেলভাবে রিপোর্ট করা ডাটার সামান্য পার্থক্য থাকে, যেখানে ফেডারালভাবে প্রয়োগ করা ডোজ এবং অন্যান্য ছোটখাট পার্থক্য অন্তর্ভুক্ত থাকে। উপরের রিলিজটিতে উভয় নম্বরই অন্তভুক্ত আছে।

**গুরুত্বপূর্ণ টীকা:** আজকের রিপোর্টে শুক্রবার, 5 মে থেকে বৃহস্পতিবার 11 মে পর্যন্ত সময়ের ডাটা রয়েছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন